প্রথম আলো

তারিখ 31 JUL 2016
পৃষ্ঠা ৮ কলাম ২

মতবিনিময় সভায় শিক্ষামন্ত্রী

# তদারকির মাধ্যমে শিক্ষার্থীদের বিপথগামী হওয়া রোধ সম্ভব

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, শিক্ষাপ্রতিষ্ঠানে নিয়মিত উপস্থিতি, আচার-আচরণ ও চলাফেরা তদারকির মাধ্যমে শিক্ষার্থীদের বিপথগামী হওয়া রোধ করা সম্ভব।

গতকাল শনিবার রাজধানী ঢাকার সেগুনবাগিচায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট মিলনায়তনে 'জঙ্গিবাদ প্রতিরোধে কারিগরি শিক্ষকদের করণীয়' শীর্ষক মতবিনিময় সভায় মন্ত্রী এ কথা বলেন।

শিক্ষক, শিক্ষার্থী ও তাঁদের অভিভাবকদের মধ্যে নিয়মিত যোগাযোগের ওপর জোর দিয়ে শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষাপ্রতিষ্ঠানে দীর্ঘদিন ধরে অননুমোদিতভাবে অনুপস্থিত শিক্ষার্থীদের কেউ কেউ সন্ত্রাসী হামলা ও জঙ্গি তৎপরতায় লিপ্ত হচ্ছে বলে সাম্প্রতিক কিছু ঘটনায় দেখা যাচ্ছে।

নুরুল ইসলাম নাহিদ বলেন, গতানুগতিক সনদসর্বস্ব লেখাপড়া থেকে বেকারত্বের হতাশাগ্রস্ত তরুণদের অসামাজিক কর্মকাণ্ডে লিপ্ত হওয়ার আশঙ্কা থাকে। কারিগরি শিক্ষায় বেকার সৃষ্টির কোনো আশঙ্কা নেই। তাই বর্তমান সরকার কারিগরি শিক্ষার ব্যাপক প্রসারে কাজ করে যাচ্ছে।

শিক্ষাসচিব সোহরাব হোসাইনের সভাপতিত্বে অনুষ্ঠানে আরও বক্তব্য দেন ইনস্টিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্সের সভাপতি এ কে এম এ হামিদ, কারিগরি শিক্ষা অধিদপ্তরের পরিচালক মিজানুর রহমান প্রমুখ।

অনুষ্ঠানে কয়েকজন অধ্যক্ষ সাম্প্রতিক সন্ত্রাসী হামলার পরিপ্রেক্ষিতে তাঁদের প্রতিষ্ঠানে গৃহীত নিরাপত্তাব্যবস্থা তুলে ধরেন। অনুষ্ঠানে সরকারি ও বেসরকারি ডিপ্লোমা পলিটেকনিক ইনস্টিটিউটের প্রধান ও কারিগরি শিক্ষকেরা অংশ নেন। বিজ্ঞপ্তি।